গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থ বছরে নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| সভার তারিখ | : | ২৯/০৭/২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | মহাপরিচালক এর অফিস কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব জনাব সাহিদা ইয়াসমিন, প্রভাষক, হর্টিকালচারকে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত ১৬ এপ্রিল ২০২৪ মাসে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোন সংশোধন না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের ১ম সোমবার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট নিম্নরূপে নির্ধারণ করা হয়:<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: উপপরিচালক (প্রশাসন ও অর্থ<br>বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব সাহিদা ইয়াসমিন প্রভাষক | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের ২য় কোয়াটারের ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নিম্নবর্ণিত ক্যাটাগরির ব্যক্তিবর্গের উপস্থিতি নিশ্চিত করতে হবে:<br>ক) ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী- ২০ জন<br>খ) প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারী-৫ জন<br>গ) যুব সংগঠক-৫ জন<br>ঘ) নৈতিকতা কমিটির সদস্যগণ | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০৪</td><td>শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন বিষয়ে ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) শুদ্ধাচার সংক্রান্ত সেপ্টেম্বর ২০২৪ মাসের ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে।<br>খ) শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট নিম্নরূপে নির্ধারণ করা হয়:<table><tr><td>ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td><td>বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr><tr><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ</td><td>জনাব আলমগীর কবির, সহকারী পরিচালক</td></tr></table></td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৫</td><td>কর্ম পরিবেশ উন্নয়ন কমিটি গঠন বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি নিম্নরূপে গঠন করা হলো:<table><tr><td>উপপরিচালক(প্রশাসন ও অর্থ)</td><td>সভাপতি</td></tr><tr><td>সহকারী পরিচালক(অর্থ)</td><td>সদস্য</td></tr><tr><td>সহকারী পরিচালক(প্রকাশনা)</td><td>সদস্য</td></tr><tr><td>প্রভাষক, আইসিটি</td><td>সদস্য</td></tr><tr><td>প্রভাষক, কমিউনিকেটিভ ইংলিশ</td><td>সদস্য</td></tr><tr><td>প্রভাষক, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি</td><td>সদস্য</td></tr><tr><td>সহকারী পরিচালক(প্রশাসন)</td><td>সদস্য সচিব</td></tr><tr><td></td><td></td></tr></table></td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৬</td><td>২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন বাজেটে অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েরসাইটে প্রকাশ ও যথাযথ বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশিত ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন বাজেটে অনুমোদিত ক্রয় পরিকল্পনা নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক</td></tr>
<tr><td>০৭</td><td>সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) সরকারী নির্দেশনা অনুযায়ী যানবাহনসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং ব্যয় সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা মতে জ্বালানীর ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>খ) নিয়মিতভাবে লগ বই পরীক্ষা করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৮</td><td>ডিপ্লোমা কোর্সের ভর্তির আবেদন অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম চালুকরণ এবং সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সে আবেদনের অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>ক) বর্তমানে ভর্তির আবেদন ১০০% অনলাইনে ব্যবস্থাপনা সিস্টেম চালু রয়েছে এবং তা অব্যাহত রাখতে হবে।<br>খ) Admission and Database Management সংক্রান্ত Software এর মাধ্যমে সকল প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)</td></tr>
</table>

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির/কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা | ৪টি | ২৯-০৭-২০২৪ তারিখে ১ম সভা আয়োজন করা হয়। |
| ২ | অংশীজনের সভা | ২টি (২য় ও ৩য় কোয়ার্টার) | - |
| ৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | ২টি (১ম ও ৩য় কোয়ার্টার) | - |
| ৪ | কর্মপরিবেশ উন্নয়ন সভা | ৩১.১০.২৪<br>০১.০১.২৫ | - |
| ৫ | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রকাশ | ০১-০৯-২৪ | ২৮-০৭-২৪ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ৬ | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | ১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০% | চলমান |
| ৭ | বাজেট বাস্তবায়ন | ১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-৯০% | চলমান |
| ৮ | অনলাইনে ভর্তি আবেদন | ১০০% | চলমান |

০৪। বিবিধ:

শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত সভা, অংশীজন সভা ও প্রশিক্ষণ আয়োজন সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইনস্টিটিউটে কর্মরত কর্মচারীদের উদ্বুদ্ধকরণে প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন ও শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়েও সভায় আলোচনা করা হয়।

ক) শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত সভা, অংশীজন সভা ও প্রশিক্ষণ আয়োজন এবং ইনস্টিটিউটে কর্মরত কর্মচারীদের শুদ্ধাচার প্রতিষ্ঠায় অনুপ্রাণিত করার লক্ষ্যে প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন ও শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত ব্যয় শুদ্ধাচার সম্পর্কিত খাত হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচনের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| পরিচালক | সভাপতি |
| উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) | সদস্য |
| উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | সদস্য সচিব |

০৫। সভাপতি ইনস্টিটিউটে "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৭/২০২৪

আবু তাহের মোঃ মাসুদ রানা

মহাপরিচালক

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৭.২৩-

তারিখঃ ০৪.০৮.২০২৪ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০৩। উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০৪। জনাব........................., শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

০৫। ব্যক্তিগত সহকারী টু মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০৬। অফিস কপি।


4.8.24

রেবেকা সুলতানা

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের নৈতিকতা কমিটির ১ম সভা ২৯ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। সভায় নৈতিকতা কমিটি ও অংশীজনের সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ, নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণের ব্যবস্থা গ্রহণ, ইনস্টিটিউটের কর্ম পরিবেশ উন্নয়নে কমিটি গঠন, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, বাজেট ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সকল প্রশিক্ষণ কোর্সের ভর্তির আবেদন শতভাগ অনলাইনে প্রাপ্তি, এ্যাডমিশন ও ডাটাবেস সংক্রান্ত সফটওয়্যার এর মাধ্যমে সকল কোর্সের ভর্তির আবেদন গ্রহণের অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। সভায় বর্ণিত বিষয়সমূহে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভাপতি দাপ্তরিক সকল কাজের ক্ষেত্রে শুদ্ধাচার ও নৈতিকতার বাস্তবায়ন নিশ্চিতের ব্যবস্থা নিতে সভায় উপস্থিত সকলের প্রতি আহবান জানান।




আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

# নৈতিকতা কমিটির সভা

সভার তারিখ: ২৯-০৭-২০২৪খ্রি: সময়: দুপুর ১২.০০ টা

সভার স্থান: সম্মেলন কক্ষ

## উপস্থিতি পত্র

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | এস এম গোলাম রব্বানী | পরিচালক | [signature] ২৯.৭.২৪ |
| ২ | রেবেকা সুলতানা | উপ-পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) | [signature] ২৯.৭.২৪ |
| ৩ | আব্দুল কাইয়ুম | সহকারী পরিচালক (প্রশাসন) | |
| ৪ | মো. আলমগীর কবির | সহকারী পরিচালক | Alamgir 29.7.2024 |
| ৫ | তাসমিন আক্তার | সহকারী পরিচালক | [signature] |
| ৬ | সুইটি আক্তার | প্রভাষক (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ) | Sweety |
| ৭ | সাহিদা ইয়াসমিন | প্রভাষক (হর্টিকালচার) | Shahida |
| ৮. | মো: মাসুদুর রহমান | সহ: পরিচালক (প্রশা) | [signature] |